তারিখ 11 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

### উইলস লিটল ফ্লাওয়ার স্কুল

# বাড়তি ফি প্রত্যাহারের আলটিমেটাম

**যুগান্তর রিপোর্ট**

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজে ২০১৬ শিক্ষাবর্ষে ধার্যকৃত অতিরিক্ত বেতন ২৪ ঘণ্টার মধ্যে প্রত্যাহারের দাবি জানিয়েছে প্রতিষ্ঠানটির অভিভাবক ফোরাম। এ সময়ের মধ্যে দাবি না মানলে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করবে সংগঠনটি। বিষয়টি জানাতে তারা শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দেবেন।

রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেয় সংগঠনটি। এতে অভিভাবকদের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন শামীমা সুলতানা। এ সময় বেশ কয়েকজন অভিভাবক উপস্থিত ছিলেন।

শামীমা সুলতানা সংবাদ সম্মেলনে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজের অনিয়ম ও দুর্নীতির চিত্র তুলে ধরে বলেন, এ স্কুলে চলতি শিক্ষাবর্ষে টিউশন ফি বাড়িয়ে প্রায় দ্বিগুণ করা হয়েছে। এ বিষয়ে অভিভাবকরা ভারপ্রাপ্ত অধ্যক্ষের কাছে লিখিতভাবে আবেদন করে কোনো সুরাহা পাননি। তিনি আরও বলেন, বিশেষ ক্লাসের নামে মাত্রাতিরিক্ত টাকা নেয়া হচ্ছে। এ প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে পরিচালিত হয়ে আসছিল। কিন্তু কয়েক বছর ধরে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতা দেখা যাচ্ছে। শিক্ষার মান ও পরিবেশ দিনের পর দিন অবনতি ঘটছে। সংবাদ সম্মেলনে দুই মাসের মধ্যে যোগ্য ও অভিজ্ঞ একজন অধ্যক্ষ নিয়োগ দেয়া, একই সময়ের মধ্যে নিয়মিত পরিচালনা কমিটির নির্বাচন দেয়া, সব শাখায় যোগ্য শিক্ষক নিয়োগ দেয়ার দাবিও জানানো হয়।

শামীমা সুলতানা বলেন, ২৪ ঘণ্টার মধ্যে দাবি আদায় না হলে ১৩ জানুয়ারি শিক্ষামন্ত্রী এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক বরাবর স্মারকলিপি দেয়া হবে। ১৭ জানুয়ারি সকাল ৯টা থেকে স্কুল প্রাঙ্গণে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করা হবে।